

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২১/০১/২০২৬ খ্রি.

২০২৩ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) মানোন্নয়ন পরীক্ষার ফরম  
পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২১/০১/২০২৬ তারিখের  
বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২৩ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) মানোন্নয়ন পরীক্ষার  
ফরম পূরণ সংক্রান্ত ফি ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

অনলাইনে ফরম পূরণ, পরীক্ষার ফি জমা ও আবেদন ফরম বিভাগে জমা দেয়ার শেষ তারিখ: ৩১/০১/২০২৬ খ্রি.

বিভাগ কর্তৃক অনলাইনে ভেরিফাই ও বিবরণী কলেজ অফিসে জমা দেয়ার শেষ তারিখ: ০২/০২/২০২৬ খ্রি.

পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২১/০১/২০২৬ তারিখে

প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তাবলি প্রযোজ্য হবে।

মানোন্নয়ন পরীক্ষার্থীদের (পুরাতন সিলেবাস) বিশেষ পরীক্ষার ফি:

নং	বিষয়	পত্র সংখ্যা	ফিস (টাকা)
০১	সকল বিষয় পূর্ণ পত্র	১ পত্র	১৪৫০/-
০২	সকল বিষয় অর্ধ পত্র	১ অর্ধপত্র	১৩৯০/-
০৩	শুধুমাত্র ইংরেজি (আবশ্যিক)	১ পত্র	১৯৫০/-

মানোন্নয়ন পরীক্ষার্থীদের পরবর্তীতে প্রতি পূর্ণ পত্রের জন্য ২০০/- টাকা, প্রতি অর্ধ পত্রের জন্য ১৪০/- টাকা হারে যোগ  
করে ফি জমা দিতে হবে। ব্যবহারিক বা মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি পরীক্ষার দিন স্ব স্ব বিভাগে জমা দিবে।

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের বিশেষ মানোন্নয়ন পরীক্ষার্থীদের কোন জরিমানা নেই।

২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত, যে সকল শিক্ষার্থী F গ্রেড ও Absent কোর্সে মানোন্নয়ন  
বিশেষ পরীক্ষা দিবে সে সকল পরীক্ষার্থীদের নির্ধারিত ফিসের অতিরিক্ত ৫০০০/- টাকা জরিমানা প্রদান করতে হবে।

১. ফরম পূরণের ফি জমা দেয়া: সকল ফি অনলাইনে প্রদান করতে হবে।


ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট <https://student.7college.du.ac.bd/> থেকে ফরম পূরণের আবেদন  
ফরম ডাউনলোড করার পর “উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন (Bill ID: Eden Mohila College)” এর  
মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঢাবির রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে ফি পরিশোধ করতে হবে। ফি জমা দেয়ার পূর্বে  
নোটিশের অনুসারে মোবাইল ব্যাংকিং এ সঠিক ফি না দেখালে, ফি জমা না দিয়ে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে।  
ফি জমাদানের রশিদসহ ঢাবির ফরম পূরণের আবেদন ফরম স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

২. মানোন্নয়ন শিক্ষার্থীদের করণীয়:

মানোন্নয়ন শিক্ষার্থীদের প্রথমে কলেজের নিজস্ব অনলাইন সফটওয়্যার ([www.edencollege.eshiksabd.com](http://www.edencollege.eshiksabd.com)) এ  
ID-edenstudent, Password-edenstudent দিয়ে প্রবেশ করে improvement অপশনে গিয়ে রেজিস্ট্রেশন  
নম্বর ইনপুট করে পত্র সংখ্যা (ঢাবির ফরম পূরণের আবেদন পত্রে যার জন্য যা প্রযোজ্য) সিলেক্ট করে সাবমিট করলেই  
নির্ধারিত ফরম পূরণের ফি মোবাইল ব্যাংকিং এ দেখাবে।

বিদ্র: টাকা নির্ধারণের সময় DU/NU Roll : রেজি: নম্বর কপি করে নীচের Reg No : খালি ঘরে দিতে হবে (যদি রেজি: ঘর খালি থাকে)।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩ সনের অনার্স ২য় বর্ষ পুরাতন সিলেবাস বিশেষ মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের  
২১/০১/২০২৬ তারিখের বিজ্ঞপ্তিটি কলেজের বিজ্ঞপ্তির সাথে স্ব স্ব বিভাগের নোটিশ বোর্ডে দেয়া এবং পরীক্ষায় অংশগ্রহণের  
যোগ্যতা সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হল।

  
(অধ্যাপক শামিম আরা বেগম)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

(অধ্যাপক শামিম আরা বেগম)

আইডি নং-০০০০০০৬৬

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- হিসাব রক্ষক, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- সংরক্ষণ নথি।

